**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**

হাইকোর্ট বিভাগ, ঢাকা।

(প্রশাসন শাখা)

www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ৮৭ -এ, তারিখঃ ১০/০২/২০২৫ খ্রি.

**বিজ্ঞপ্তি**

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-৬৭১০/০৮ এবং ৬৪৯৬/২০১২-এর বিগত ২৫/০৭/২০১৩ খ্রি. তারিখের আদেশ এবং উক্ত মোকদ্দমা হতে উদ্ভূত সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-৬৮৬/২০১৪-৬৮৭/২০১৪-এর বিগত ১৪/০৭/২০১৪ খ্রি. তারিখের আদেশ এবং উক্ত সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-৬৮৬-৬৮৭/২০১৪-এর বিগত ০৪/১১/২০১৮ খ্রি. তারিখের সংশোধিত (Modification) আদেশ অনুযায়ী হাইকোর্ট বিভাগের হিসাবরক্ষণ কর্মকর্তাগণকে বিগত ২৫/০৭/২০১৩ খ্রিঃ তারিখ হতে বকেয়া বেতন-ভাতাদিসহ ২য় শ্রেণি হতে ১ম শ্রেণির গেজেটেড পদমর্যাদা এবং জাতীয় বেতন স্কেল/২০০৯-এর ৮,০০০-১৬৫৪০/-টাকা (গ্রেড-১০) হতে ১৫,০০০-২৬,২০০/-টাকার স্কেল (গ্রেড-৭)-এ উন্নীত করে বিজ্ঞপ্তি নং-১৭৩, তারিখ ঃ ২৯/০৩/২০১৮ খ্রি. এবং সংশোধিত বিজ্ঞপ্তি নং- ৬২, তারিখ ঃ ২১/০১/২০২০ খ্রি. জারী করা হয়।

০২। পদোন্নতিজনিত কারণে হাইকোর্ট বিভাগের ০৩ (তিন) টি হিসাবরক্ষণ কর্মকর্তার পদ শূণ্য হওয়া সাপেক্ষে উক্ত পদে (১) জনাব মুঃ আবদুল কাদের গত ২০/০৯/২০২০ খ্রি. তারিখে (২) জনাব মোঃ মশিউর রহমান গত ১৬/১০/২০২২ খ্রি. তারিখে এবং (৩) জনাব মোঃ শহিদুল ইসলাম গত ০৭/০৫/২০২৩ খ্রি. তারিখে জাতীয় বেতন স্কেল/২০১৫-এর ১৬,০০০-৩৮,৬৪০/-টাকার স্কেল (গ্রেড-১০)-এ পদোন্নতিপ্রাপ্ত হয়ে অদ্যাবধি কর্মরত রয়েছেন। কিন্তু তাঁরা জাতীয় বেতন স্কেল/২০১৫-এর ২৯,০০০-৬৩,৪১০/-টাকার স্কেল (গ্রেড-৭)-এর শূণ্য হওয়া পদে পদোন্নতিপ্রাপ্ত হয়েছেন বিধায় বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় SUCCESSOR IN OFFICE হিসেবে তাঁদেরকে বর্তমান পদে যোগদানের তারিখ হতে বকেয়া বেতন-ভাতাদিসহ জাতীয় বেতন স্কেল/২০১৫-এর ২৯,০০০-৬৩,৪১০/-টাকার স্কেল (গ্রেড-৭)-এর সকল সুবিধা প্রদানের আদেশ করেছেন।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের আদেশক্রমে হাইকোর্ট বিভাগের ০৩ (তিন) টি হিসাবরক্ষণ কর্মকর্তার পদকে জাতীয় বেতন স্কেল/২০১৫ এর ২৯,০০০-৬৩,৪১০/-টাকার স্কেল (গ্রেড-৭)-এ উন্নীত করা হলো এবং বর্তমানে কর্মরত ০৩ (তিন) জন হিসাবরক্ষণ কর্মকর্তাকে তাঁদের বর্তমান পদে যোগদানের তারিখ হতে জাতীয় বেতন স্কেল/২০১৫-এর ২৯,০০০-৬৩,৪১০/-টাকার স্কেল (গ্রেড-৭)-এ উন্নীত করণসহ সকল বকেয়া সুবিধাদি প্রদান করা হলো।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অত্র বিজ্ঞপ্তি জারী করা হলো।

আদেশক্রমে

(মুহাম্মদ হাবিবুর রহমান সিদ্দিকী)
রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ
বাংলাদেশ সুপ্রীম কোর্ট।

স্মারক নং- ১ই-৫৭/২০২৩-১৫৮৮(১০)এ, তারিখ- ১০/০২/২০২৫ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-**

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।
৩. রেজিস্ট্রার (বিচার), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।
৪. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।
৬. স্পেশাল অফিসার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৭. অতিরিক্ত রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট। (সকল)

৮. ডেপুটি রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট। (সকল)

৯. উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। (ইহা বাংলাদেশ গেজেটে প্রকাশ করতঃ উহার ১০ কপি অত্র কোর্টের প্রশাসন শাখায় প্রেরণ করার অনুরোধসহ)।

১০. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট। (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।

১১. সহকারী রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট। (সকল)

১২. রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।

১৩. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং-৫২৮, ৫ম তলা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০।

১৪. হিসাবরক্ষণ কর্মকর্তা-১, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।

১৫. মুঃ আবদুল কাদের, হিসাবরক্ষণ কর্মকর্তা-১, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।

১৬. মোঃ মশিউর রহমান, হিসাবরক্ষণ কর্মকর্তা-২, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।

১৭. মোঃ শহিদুল ইসলাম, হিসাবরক্ষণ কর্মকর্তা-৩, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।

১৮. হিসাব শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।

১৯. অফিস কপি/গার্ড ফাইল।

(ড. মোঃ আতিকুস সামাদ)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোনঃ ২২৩৩৮১৮৬৫